भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

বিক্রয় কোবলা

থানা- কোলাঘাট

মৌজা- হাকোলা

জে. এল নং- ২

রায়তস্থিতিবান স্বত্ব

আর. এস. ২৮৮ নং খতিয়ানে

এল. আর. ১১৩৬ নং খতিয়ান

আর. এস. ৫৪৭ দাগ

এল. আর. ৬৩৭ দাগ

জমি ৭.২৫ ডেসিম্যাল

খাজনা ২.০০ টাকা

মূল্য - ২,৬৪,৩৭৪ টাকা

ক্রেতা- শ্রী অশোক কুমার মেইকাপ
পিতা-শ্রী কানাইলাল মেইকাপ
জাতি- হিন্দু (ভারতীয় নাগরিক),
পেশা-ব্যবসাদি, সাং-শান্তিপুর
পোঃ- মেছেদা, থানা- কোলাঘাট
জেলা - পূর্ব মেদিনীপুর।

17 MAR 2009

ক্রমিক নং ৬৫৩ তারিখ ১৭/০৩/২০০৯

মূল্য ৫০০০ টাকা মা

•কাকড়িহি, পো:-মোহনা, জেলা-পূর্ব মেদিনীপুর

নাম শ্রী অশোক কুমার [illegible] মাইকাপ,

গ্রাম আলিপুর পো: মোহনা

থানা কোলাঘাট [illegible]

জেলা পূর্ব মেদিনীপুর

মোট স্ট্যাম্পের পরিমাণ

ইং

ভেন্ডার সুমনা মণ্ডল

District Sub-Registrar

[illegible]

17 MAR 2009

বিক্রেতা- মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর
পক্ষে বর্তমান ম্যানেজিং ডাইরেক্টর শ্রী অশোক কুমার কারক
পিতা-স্বর্গীয় শশাঙ্ক কারক, জাতি- হিন্দু (ভারতীয় নাগরিক),
পেশা-ব্যবসা, সাং- শান্তিপুর, পোঃ-মেছেদা,
থানা-কোলাঘাট, জেলা - পূর্ব মেদিনীপুর।

কস্য রায়ত স্থিতিবান স্বত্ব বিশিষ্ট জল জমিনের জোতস্বত্ব বিক্রয় কোবলা পত্র মিদং কার্য্যঞ্চাগে।

জেলা পূর্ব মেদিনীপুরের অধীন থানা ও অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রি অফিস কোলাঘাট মণ্ডলঘাটপরগণা র অন্তর্গত হাকোলা মৌজায় গত রিভিজন্যাল সেটেলমেণ্টে ২৮৮ নং খতিয়ানে ৫৪৭ দাগে জল ২৯ ডেসিম্যাল মধ্যে ৭.২৫ ডেসিম্যাল ভূমি গাজইবাড় সাকিনের কার্ত্তিক চন্দ্র সামন্ত দিং বিক্রেতাগনের নিকট হইতে নিকট হইতে ইং-২০০৪ সালের ২৩ শে সেপ্টেম্বর তারিখে সম্পাদিত ও পরে কোলাঘাট সাব রেজিষ্ট্রি অফিসে ইং- ২৪।৯।২০০৪ তারিখে দাখিল করা ইং-২।১২।২০০৪ তারিখে ৩০৭০ নং রেজিষ্ট্রিভুক্ত একখানি কোবলার দ্বারা উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে বর্তমান ম্যানেজিং ডাইরেক্টর হিসাবে আমি শ্রী অশোক কুমার কারকখরিদ করিয়া উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে স্বত্ববান ও দখলীকার রহিয়াছি।

এল. আর. সেটেলমেণ্টে উক্ত সাবেক ৫৪৭ দাগ হাল ৬৩৭ দাগে জল ২৯ ডেসিম্যাল মধ্যে ৩৭৫০ অংশে ১১ ডেসিম্যাল ভূমি উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে আমার নামিত ১১৩৬ নং খতিয়ানে লিপিবদ্ধ রহিয়াছে।

ক্রেতা ঃ-শ্রী অশোক কুমার মেইকাপ



| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বাম হাতের টিপ সমূহ | | | | | |

| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ডান হাতের টিপ সমূহ | | | | | |



বিক্রেতা ঃ-শ্রী অশোক কুমার কারক

| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| বাম হাতের টিপ সমূহ | | | | | |

| | বৃদ্ধাঙ্গুলী | তর্জনী | মধ্যমা | অনামিকা | কনিষ্ঠা |
|---|---|---|---|---|---|
| ডান হাতের টিপ সমূহ | | | | | |

বিবরণ এই যে উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর ইং-৯।০৩।২০০৯ তারিখের সাধারণ সভার সিদ্ধান্ত ক্রমে উক্ত হ্যাচারির উন্নতির জন্য নগদ টাকা সংগ্রহহেতু পূর্ব বর্ণিত নিম্নের তপশীল লিখিত ভূমি বিক্রয় করিব প্রচার করায় আপনি সর্ব্বোচ্চ বাজার মুল্যে খরিদ করিতে চাওয়ায় আমি উক্ত মেদিনীপুর

এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে সম্মত হইয়া নিম্নের তপশীল লিখিত দাগ ক্ষেত্রভুক্ত মোওয়াজি ৭.২৫ ডেসিম্যাল ভূমি মং ২,৬৪,৩৭৪ টাকা মূল্যে আপনাকে বিক্রয় করিয়া দিলাম ও দখল দিলাম।

বিক্রীত ভূমিতে উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে আমার যত প্রকার হক্‌হকুক স্বত্ব স্বামিত্ব ছিল তাহা উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে আমি সম্পূর্ণ স্বত্বে নিঃস্বত্ব হইয়া সেই স্বত্বে আপনাকে স্বত্বাধিকারী করাইলাম। আপনি অদ্য হইতে বিক্রীত ভূমিতে যদিচ্ছানত জোত আবাদ করিয়া বিক্রীত ভূমির ধার্য্য রাজস্বাদি পশ্চিমবঙ্গ মালিক সরকারে সন সন আদায় দিয়া আপনার নিজ নাম পত্তনে পরবর্তী ওয়ারিশক্রমে দানবিক্রয় সহ সকল প্রকার হস্তান্তরাদির মালিক হইয়া পরমসুখে ভোগদখল করিতে থাকিবেন। তাহাতে উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে আমার কিংবা আমার স্থলাভিষিক্ত ব্যক্তিগণক্রমে কোন স্বত্ব বা দাবিদাওয়া থাকিল না বা থাকিবেক নাই। যদি করি বা কেহ করে তাহা সর্ব্বস্থলে অগ্রাহ্য হইবে।

ভবিষ্যতে উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে আমার স্বত্বের খর্ব্বতায় বা কৃতকর্মের দোষে বিক্রীত ভূমি হইতে বেদখল হয়েন তবে আইনমতে স্বত্ব স্থাপন করিবেন। তাহাতে বেদখল হয়েন, যে পরিমান ভূমি হইতে বেদখল হইবেন, তাহার হারাহারি মূল্যের টাকা মায় সুদ ক্ষতি খেসারত উক্ত মেদিনীপুর এগ্রো ইউনাইটেড হ্যাচারি প্রাইভেট লিমিটেড এর পক্ষে আমার কিংবা আমার স্থলাভিষিক্ত ব্যক্তিগণের নিকট হইতে আপনি কিংবা আপনার উত্তরাধিকারীগণ বিনা ওজর আপত্তি আইন মতে টাকা আদায় লইবেন।

ইতিপূর্বে বিক্রীত ভূমি কোন দায় সংযোগ করি নাই। পরে প্রকাশ হইলে আইন আমলে আসিব।

এতদর্থে সাক্ষীগণ সাক্ষাতে সুস্থ শরীরে ও সরলান্তকরণে আমি অত্র দলিল পাঠ করিয়া ইহার মর্ম্ম সবিশেষ অবগত হইয়া বিক্রীত সম্পত্তির মূল্যের সমূহ টাকা আপনার নিকট নগদ বুঝিয়া পাইয়া অত্র বিক্রয় কোবলা পত্র যথারীতি সম্পাদন করিলাম। ইতি—

বাংলা ১৪১৫ চৌদ্দ শত পনের সাল তারিখ ২ দোশরা চৈত্র।

ইংরাজী ২০০৯ দুই হাজার নয় সাল তারিখ ১৬ ষোলই মার্চ।

## তপশীল

জেলা পূর্ব মেদিনীপুর, থানা ও অতিরিক্ত জেলা সাব রেজিষ্ট্রি অফিস কোলাঘাট পরগণা মণ্ডলঘাট তৌজী নং ৪, রেভিনিউ সার্ভে নং ২৬৬৮, থানা নং -২ , মৌজা হাকোলা , রায়তস্থিতিবান স্বত্ব আর. এস. ২৮৮ নং খতিয়ান, এল. আর.১১৩৬ নং খতিয়ানে জোতের মোট জমি ১ একর ১৩ ডেঃ মোট জমা ২৩.০০ টাকা।

আর. এস. ৫৪৭ পাঁচ শত সাতচল্লিশ দাগ এল. আর. ৬৩৭ ছয় শত সাঁইত্রিশ দাগে জল ২৯ ডেসিম্যাল মধ্যে খরিদা ৭.২৫ সাত দশমিক দুই পাঁচ ডেসিম্যাল। বিক্রীত ভূমির চৌহদ্দি :- -উত্তর -শান্তিপুর মৌজায় আর. এস. ৫২৩ ও আর. এস. ৫২৪ দাগ। দক্ষিণ ও পশ্চিম -আপনার নিজ। পূর্ব-আর. এস. ৫৪৮ দাগ ও শত্তপতি মাইতি।

---

মোট ৭.২৫ সাত দশমিক দুই পাঁচ ডেসিম্যাল। । জমা ২.০০ টাকা,

মূল্য-২,৬৪,৩৭৪ টাকা।

মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে পক্ষে বি.এল.এণ্ড.এল.আর.ও.চাঁইরা ,
পোঃ- বুড়ারীহাট্ জেলা পূর্ব মেদিনীপুর।

মুশাবিদকারক :-

Advocate (Contai)

ইসাদ

টাইপকারক :-

Ashok Kumar Karak.

বিঃ- অত্র দলিলে ৩ জন সাক্ষী মাত্র। স্ট্যাম্পসহ ৬ ফর্দে অত্র দলিল লেখা আছে।


Ashok Kumar Karak.

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R. PURBA MIDNAPORE, District- Purba Midnapore
Signature / LTI Sheet of Serial No. 00960 / 2009, Deed No. (Book - I , 01051/2009)

I . Signature of the Presentant

| Name of the Presentant | Signature with date |
|---|---|
| Ashok Kumar Karak | Ashok Kumar Karak. 17-3-09 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Ashok Kumar Karak Address -Vill. - Santipur P. O. - Mecheda Dist.- Purba Medinipur | Self |  17/03/2009 |  LTI 17/03/2009 | Ashok Kumar Karak 17-3-09 |

**Name of Identifier of above Person(s)**
Gobinda Kar
PS-Kolaghat,Vill. - Gurulia P.o. - Mecheda Dist.- Purba Medinipur

**Signature of Identifier with Date**
17/03/09

(Ananda Mohan Nandi)
DISTRICT SUB-REGISTRAR
Office of the D.S.R. PURBA MIDNAPORE

17 MAR 2009

Government Of West Bengal
Office of the D.S.R. PURBA MIDNAPORE
PURBA MIDNAPORE
Endorsement For deed Number : I-01051 of : 2009
(Serial No. 00960, 2009)

---

On 17/03/2009

Certificate of Admissibility(Rule 43)

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955. Court fee stamp paid Rs. 10.00/-

Payment of Fees:

Fee Paid in rupees under article : A(1) = 2904/- H = 28/- M(b) = 4/- on 17/03/2009

Certificate of Market Value(WB PUVI rules 1999)

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs- 264374/-

Certified that the required stamp duty of this document is Rs 13219 /- and the Stamp duty paid as : Impresive Rs- 5000

Deficit stamp duty

Deficit stamp duty Rs 8220/- is paid, by the draft number 034114, Draft Date 16/03/2009 Bank Name STATE BANK OF INDIA, Mechada, received on 17/03/2009

Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1))

Presented for registration at 11.30 hrs on : 17/03/2009,at the Office of the D.S.R. PURBA MIDNAPORE by Ashok Kumar Karak Executant

Admission of Execution(Under Section 58)

Execution is admitted on 17/03/2009 by

1. Ashok Kumar Karak,Managing Director,Medinipur Agro United Hachan Pvt. Ltd.,Vill. - Santipur P. O. - Mecheda,Dist.- Purba Medinipur, profession : Business

Identified By Gobinda Kar, son of Gourhan Kar , Vill. - Gurulia P.o. - Mecheda Dist.- Purba Medinipur Thana : Kolaghat, by caste Hindu,By Profession : Business

[Ananda Mohan Nandi]
DISTRICT SUB-REGISTRAR
OFFICE OF THE DISTRICT SUB-REGISTRAR OF PURBA MIDNAPORE
Govt. of West Bengal

---



District Sub-Registrar
Purba Medinipur
[illegible]
17 MAR 2009

## Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 3
Page from 5133 to 5142
being No 01051 for the year 2009.

Seal of the District Sub Registrar of Purba Medinipur, District Purba Medinipur

(Ananda Mohan Nandi) 17-March-2009
DISTRICT SUB-REGISTRAR
Office of the D.S.R. PURBA MIDNAPORE
West Bengal

Digitally signed by INDRAJIT CHATTERJEE
Date: 2016.05.25 15:46:25 +05:30
Reason: Digitally e-Signing the Completion Certificate of the Deed.